গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু ও সমন্বয় অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২৫.০০৫.১৯.২২১ তারিখ: ২১.০৯.২০২৩

বিষয়ঃ উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর- এর কার্যালয় পরিদর্শন প্রতিবেদন।

বিগত ১৬/০৯/২০২৩ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর এর কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে দিনাজপুর জেলা প্রশাসনের উপ-পরিচালক (স্থানীয় সরকার) জনাব মোখলেছুর রহমান, বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক জনাব আনজির লিটন, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর এর উপ-পরিচালক (চলতি দায়িত্ব) জনাব মোঃ মোর্শেদ আলী খান, দিনাজপুর জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) জনাব আখতারুজ্জামান, বিভিন্ন উপজেলায় কর্মরত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

০২। দিনাজপুর মহিলা বিষয়ক অধিদপ্তর –এর কার্যালয়টি জেলা প্রশাসন থেকে বরাদ্দপ্রাপ্ত একটি অর্পিত সম্পত্তিভূক্ত বাড়ীতে অবস্থিত। মুল ভবনের সামনে ও পূর্ব পার্শ্বে কিছু টিন শেড স্থাপনায় মহিলাদের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ ও প্রদর্শনী কেন্দ্র পরিচালিত হয়েছে। তবে প্রশিক্ষণ শেড সমূহ অনেক পুরাতন হওয়ায় দিনের তীব্র গরমে মহিলা প্রশিক্ষণার্থীদের অনেক অসুবিধা হয়।

০৩। ভিডব্লিউবি (VWB) কর্মসূচীঃ

জেলার ১৩টি উপজেলায় মোট ৩০.০৫৬ জন মহিলা এ কর্মসূচীর আওতায় মাসিক খাদ্য সহায়তা (৩০ কেজি চাল) পাচ্ছেন। সর্বশেষ সেপ্টেম্বর, ২০২৩ মাস পর্যন্ত খাদ্য সহায়তার আওতায় ভাতাভোগীদের মধ্যে চাল বিতরণ সম্পন্ন হয়েছে মর্মে জানা যায়। তবে NGO নির্বাচন সম্পন্ন না হওয়ায় ভাতাভোগীদের জীবনদক্ষতামুলক প্রশিক্ষণ প্রদান ও বাধ্যতামুলক সঞ্চয় কার্যক্রম ব্যাহত হচ্ছে মর্মে কর্মকর্তারা জানান।

০৪। মা ও শিশু সহায়তা কর্মসূচী (MCBP)ঃ

জেলার ১৩টি উপজেলার মোট ৩৩.৪২০ জন মহিলা এ কর্মসূচীর আওতায় মাসিক ৮০০/-(আটশত) টাকা হিসেবে ভাতা পাচ্ছেন। সর্বশেষ আগষ্ট, ২০২৩ মাস পর্যন্ত ভাতাভোগী মহিলাগণ ভাতা পেয়েছেন মর্মে জানা যায়। এ সকল মহিলাদের নির্ধারিত প্রশিক্ষণের আওতায় দক্ষতা ও স্বাস্থ্য-শিক্ষা বিষয়ক প্রশিক্ষণের আওতায় আনা সম্ভব হলে কর্মসূচীটি আরও বেশী ফলপ্রসু হবে মর্মে মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অভিমত প্রকাশ করেন।

০৫। জনবল পরিস্থিতিঃ

উপ-পরিচালকের কার্যালয়ে প্রোগ্রাম অফিসার ০১ টি, ষ্টোর কীপার ০১ টি এবং অফিস সহায়ক ০১ টি মোট ০৩টি পদশূন্য আছে। উপজেলা পর্যায়ে ১২টি উপজেলার মধ্যে ০৩টি উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পদ শূন্য আছে (নবাবগঞ্জ, হাকিমপুর, খানসামা)। এ সকল উপজেলায় পার্শ্ববর্তী উপজেলার কর্মকর্তা অতিরিক্তি দায়িত্ব পালন করেছেন। উপ-পরিচালকের কার্যালয়ে প্রোগ্রাম অফিসার এর পদ শূন্য থাকায় জেলা সদর উপজেলাসহ জেলার সার্বিক কার্যক্রম পরিচালনায় কিছুটা অসুবিধা হচ্ছে মর্মে উপ-পরিচালক জানান। উপজেলা কার্যালয় সমূহে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর বিপুল সংখ্যক পদ শূন্য থাকায় অফিসের দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় নানাবিধ অসুবিধার সৃষ্টি হচ্ছে মর্মে জানানো হয়।

০৬। মতবিনিময় সভাঃ

জেলার বিভিন্ন উপজেলায় কর্মরত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের সাথে মতবিনিময়কালে কর্মকর্তাবৃন্দ জানান যে, উপজেলা অফিসে ল্যাপটপ সরবরাহ করা হলে বর্তমান তথ্য প্রযুক্তির যুগে দাপ্তরিক যোগাযোগ ও অন্যান্য কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদন সম্ভব হবে। উপজেলা ও জেলায় কোন যানবাহন সুবিধা না থাকায় নারী ও শিশুর প্রতি সহিংসতা, বাল্য বিবাহ প্রতিরোধ ইত্যাদি কার্যক্রম পরিচালানায় বেশ অসুবিধা হয়ে থাকে। তাছাড়া সদর উপজেলাসমূহে অধিদপ্তরের কোন সেট আপ না থাকায় এ সকল উপজেলায় অধিদপ্তরের কার্যক্রম পরিচালনায় অনেক জটিলতার সৃষ্টি হয় মর্মে কর্মকর্তাবৃন্দ জানান।

০৭। মন্তব্য/সুপারিশঃ

(i) VWB কর্মসূচীর সুবিধাভোগীদের প্রশিক্ষণ প্রদান, সঞ্চয় আদায় নিশ্চিত করণের লক্ষে দ্রুত NGO নির্বাচন ও নিয়োগের ব্যবস্থা গ্রহণ অতীব জরুরী।

(ii) MCB কর্মসূচীর গর্ভবর্তী মা- এর তথ্য ইউনিয়ন থেকে উপজেলায় প্রেরণ, উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই, সার্ভার সংক্রান্ত নানবিধ প্রযুক্তিগত জটিলতা ইত্যাদি বিষয় নিরসনের জন্য এ বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধি, মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং অধিদপ্তরের সংশ্লিষ্ট দায়িত্বশীল কর্মকর্তাদের মধ্যে অধিকতর সমন্বয় ও যোগাযোগ নিশ্চিত করা প্রয়োজন।

(iii) মাঠ পর্যায়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর শূন্য পদ সমূহে দ্রুত নিয়োগের বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। তাছাড়া নিয়মিত নিয়োগের পূর্ব পর্যন্ত এ সব পদে out source এর আওতায় সাময়িক সেবা সংগ্রহ করা যায় কিনা সে বিষয়টি যাচাই করা যেতে পারে।

(iv) বর্তমান তথ্য প্রযুক্তির যুগে মাঠ পর্যায়ের কার্যক্রম আরও গতিশীল ও প্রযুক্তি নির্ভর করার লক্ষ্যে জেলা/উপজেলা কার্যালয় সমূহে পর্যায়ক্রমে ল্যাপটপ সরবরাহের বিষয়টির সম্ভাব্যতা যাচাই- এর ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর কে অনুরোধ করা হলো।

(v) সদর উপজেলা সমূহে মহিলা বিষয়ক অধিদপ্তর এর সেট আপ স্থাপনের বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনাক্রমে এ বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

(vi) বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধসহ বিভিন্ন জরুরী প্রশাসনিক দায়িত্ব পালনের স্বার্থে অধিদপ্তরের জেলা ও উপজেলা কর্মকর্তাদের পর্যায়ক্রমে যানবাহন সেবা সহায়তা প্রদানের বিষয়ে উদ্যোগ নেয়া জরুরী।

২৪/০৩/২০১৫

(মোঃ মুহিবুজ্জামান)
অতিরিক্ত সচিব

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ অবগতি/কার্যার্থে:

০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।